



তারিখ 03 NOV 1988
 পৃষ্ঠা... 4... কলাম 3...

058

**আত্মীকৃত কলেজের
 শিক্ষকদের ইফেকটিভ সার্ভিস
 গননা করে টাইম স্কেল
 প্রদান প্রসঙ্গে**

শিরোনামতঃ এই মানবিক
 আবেদনটি এ পর্যন্ত কার্যকরভাবে
 বিবেচিত না হওয়ায় বেশকিছু
 সংযুক্ত আত্মীকৃত শিক্ষক আর্থিক
 ও মর্যাদাগতভাবে সন্তুষ্ট এবং
 হতাশ হয়ে পড়েছেন। ১৯৮৩
 সালে পদোন্নতির বিকল্প হিসাবে
 টাইম স্কেল প্রবর্তিত হওয়ার পর
 ইফেকটিভ বাদ দেয়ার ফলে
 দেবা গেল সরকারী বিধিমালা
 মোতাবেকই মোট চাকরিকাল
 (৫০% ইফেকটিভ সার্ভিস) গননা-
 পূর্বক পদোন্নতির তালিকায়
 জ্যেষ্ঠতা প্রাপ্য বেশ কিছু সং-
 যুক্ত আত্মীকৃত শিক্ষক এই
 সুবিধা থেকে বঞ্চিত হলেন।
 অপরপক্ষে পদোন্নতির ক্ষেত্রে
 কনিষ্ঠ বাজিবর্গের বেতন রাত্তা-
 রাত্তি অনেক উপরে উঠে গেল।
 বেসরকারী কলেজের শিক্ষকবৃন্দও
 এ সময়ে পূর্ণকার্যকাল গননা-
 পূর্বক টাইম স্কেলের সুবিধা
 পেয়েছেন। আর্থিক ও মর্যাদাগত
 দিক দিয়ে চরম অবমাননাকর এই
 অবস্থা থেকে এই আত্মীকৃত
 শিক্ষকদের মুক্ত করার জন্য এবং উক্ত
 সময়কাল থেকেই টাইম স্কেলের
 সুবিধা প্রদানে সদয় ব্যবস্থা
 গ্রহণের জন্য শিক্ষকদের স্বার্থ ও
 মর্যাদা রক্ষায় দৃঢ়প্রতিজ্ঞ মহামান্য
 রাষ্ট্রপতি ও মাননীয় শিক্ষামন্ত্রী
 মহোদয় সমীপে আকুল আবেদন
 রাখছি।

একজন
 আত্মীকৃত কলেজ শিক্ষক।